ঠাকুরগাঁওয়ে ক্ষুদ্র নৃগোষ্ঠীর বিলুপ্ত প্রায় মাতৃভাষা প্রকাশনা বিষয়ে মতবিনিময় সভা

শামসুল আলম, ঠাকুরগাঁও- ঠাকুরগাঁওয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২১শে ফেব্রুয়ারি ২০২৫ উপলক্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠীর বিলুপ্ত প্রায় মাতৃভাষা প্রকাশনা বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (৪ ই ফেব্রুয়ারী মঙ্গলবার) দুপুরে ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদ সভাকক্ষে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি ও প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ঠাকুরগাঁও সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম, ঠাকুরগাঁও জাতীয় আদিবাসী পরিষদের উপদেষ্টা অ্যাডভোকেট ইমরান হোসেন চৌধুরী,সালান্দর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ ফজলে ইলাহী মুকুট, বালিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, আদিবাসী পরিষদের সাধারণ সম্পাদক বিঞু রায় মুমু, সাংবাদিক গোলাম সারওয়ার সম্রাট,ইএসডিএ এর ওয়ালিউর রহমান ওলি প্রমুখ। এছাড়া অনুষ্ঠানে সাংবাদিক, আদিবাসী ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।
বক্তরা আদিবাসীদের নিজস্ব ভাষা, বর্ণমালা,কবিতা,গল্প, স্মৃতিচারণ, অনুবাদ, আলোকচিত্র প্রদর্শনী,ইত্যাদি বিষয়ে প্রকাশনা নিয়ে আলোচনা করেন ।